

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৭৪০

আগরতলা, ৮ নভেম্বর, ২০২৪

ড. বি আর আমেদকর স্মৃতি মেধা সম্মাননা প্রদান অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী  
ড. বি আর আমেদকরের স্বপ্ন ছিল সমাজের সকল শ্রেণীর মানুষের উন্নয়ন



ড. বি আর আমেদকরের স্বপ্ন ছিল সমাজের সকল শ্রেণীর মানুষের উন্নয়ন। দেশের বর্তমান প্রধানমন্ত্রী আমেদকরের এই স্বপ্ন পূরণের লক্ষ্যে কাজ করছেন। আজ রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অন্যান্য পশ্চাদপদ শ্রেণী সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের মধ্যে ড. বি আর আমেদকর স্মৃতি মেধা সম্মাননা প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী প্রফেসর (ড.) মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ড. বি আর আমেদকর বৈষম্যমূলক সমাজের বিরুদ্ধে প্রতিবাদী হয়ে সকলের মধ্যে সমতা আনতে চেয়েছিলেন। অনুষ্ঠানে ওবিসি সম্প্রদায়ের বিশিষ্ট নাগরিকদের বিদ্যাসাগর সামাজিক-সংস্কৃতি পুরস্কার, আর্থিকভাবে দুর্বল মেধাবী ছাত্রছাত্রীদের এককালীন আর্থিক সহায়তা এবং ওবিসি ছাত্রছাত্রীদের মধ্যে শিক্ষা ঋণ দেওয়া হয়। সরকার রাজ্যে ছাত্রছাত্রীদের গুণগত শিক্ষা প্রদানের পাশাপাশি কর্মসংস্থানের বিষয়েও অগ্রাধিকার দিয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ড.) মানিক সাহা আরও বলেন, রাজ্যের ওবিসি, এসসি ও এসটি জনগোষ্ঠীর মানুষের শিক্ষাগত, সামাজিক এবং আর্থিক মানোন্নয়নে সরকার অগ্রাধিকারের ভিত্তিতে কাজ করছে। রাজ্যে বর্তমানে প্রায় ২৪.৫ শতাংশ ওবিসি সম্প্রদায়ভুক্ত মানুষ রয়েছেন। তাদের বাদ দিয়ে রাজ্যকে এগিয়ে নিয়ে যাওয়া সম্ভব নয়। কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধা ওবিসি সম্প্রদায়ের মানুষের কাছে পৌছাতে সরকার পরিকল্পনা গ্রহণ করে কাজ করছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সবকা সাথ সবকা বিকাশ মন্ত্রকে পাথেয় করেই সবাইকে এগিয়ে নিয়ে যেতে হবে। অন্যান্য পশ্চাদপদ শ্রেণী সম্প্রদায়ের মানুষের আর্থ-সামাজিক মানোন্নয়নেও সরকার অগ্রাধিকার দিয়েছে। প্রধানমন্ত্রী প্রায়শই বলে থাকেন যে, দেশের কৃষক, মহিলা, যুব সম্প্রদায় ও গরিব-এই চার ধরণের মানুষের উন্নয়ন ঘটাতে পারলেই দেশের উন্নয়ন সম্ভব। আর এই কাজটি করতে হলে আমাদের ড. বি আর আমেদকরের দেখানো পথে এগুতে হবে।

অনুষ্ঠানে অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণমন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, এসসি, এসটি ছাত্রছাত্রীদের পাশাপাশি ওবিসি সম্পদায়ভুক্ত ছাত্রছাত্রীরাও যাতে সমানভাবে এগিয়ে যেতে পারে সেজন্য সরকার সচেষ্ট রয়েছে। রাজ্যে বর্তমানে ওবিসি সম্পদায়ভুক্ত ছাত্রছাত্রীরা পড়াশুনা সহ বিভিন্ন ক্ষেত্রেই এগিয়ে যাচ্ছে। তারাই আগামীদিনে রাজ্যের সুনাম বৃদ্ধি করবে। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন অন্যান্য পশ্চাদপদ শ্রেণী কল্যাণ দপ্তরের সচিব তাপস রায়। উপস্থিতি ছিলেন আগরতলা পুরনিগমনের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ওবিসি রাজ্য কমিশনের চেয়ারম্যান তাপস মজুমদার, ওবিসি সমবায় উন্নয়ন নিগমের চেয়ারম্যান মৃণাল কাণ্ঠি নাথ এবং ওবিসি দপ্তরের অধিকর্তা মোহম্মদ সাজ্জাদ পি। অনুষ্ঠানে ২০২৩ ও ২০২৪ সালের ৬ জনকে বিদ্যাসাগর সামাজিক-সংস্কৃতি পুরস্কার প্রদান করা হয়। বিদ্যাসাগর সামাজিক-সংস্কৃতি পুরস্কার পেয়েছেন উত্তম দেবনাথ, স্বপন দেবনাথ, ড. বিজয় কুমার নাথ, ইন্দ্রকান্ত সিনহা, মোহিনীমোহন নাথ ও বীরেন্দ্র চন্দ্র দেবনাথ। মুখ্যমন্ত্রী তাদের হাতে পুরস্কার ও স্মারক উপহার তুলে দেন। তাছাড়াও অনুষ্ঠানে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্যবেক্ষণ আয়োজিত ২০২৩ ও ২০২৪ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষায় মেধা তালিকায় প্রথম থেকে দশম স্থানে রয়েছিলেন এমন ৪০ জন ওবিসি সম্পদায়ভুক্ত মেধাবী ছাত্রছাত্রীকে ড. বি আর আম্বেদকর স্বর্ণপদক দেওয়া হয়। তাদের হাতে স্বর্ণপদক এবং শংসাপত্র তুলে দেন মুখ্যমন্ত্রী সহ অন্যান্য অতিথিগণ।

\*\*\*\*\*